রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ১১, ২০১৮

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
সংশোধিত প্রজ্ঞাপন

তারিখ : ২৭ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/১১ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

নং **১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৪.১৮-৬৫৫**।—গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৭ এর দফা (১) ও (২) অনুসারে বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ সম্বলিত ০৮ নভেম্বর ২০১৮ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত প্রজ্ঞাপন নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৪.১৮-৬৩৭, তারিখ : ০৮ নভেম্বর ২০১৮ এর সহিত সংযোজিত তফসিল এ নিম্নোক্ত সংশোধনী আনয়ন করা হইল :

(১) গেজেটের ১৪৫২২ পৃষ্ঠায় কলাম-১ এ ১৮৮ ঢাকা-১৫ এর বিপরীতে ৩ নং কলামের ১ নং ক্রমিকে উল্লিখিত "অতিরিক্ত জেলা প্রশাসক (এল এ), ঢাকা" শব্দ, চিহ্নসমূহের পরিবর্তে "আইন কর্মকর্তা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা" শব্দ, চিহ্নসমূহ প্রতিস্থাপিত হইবে ;

(২) গেজেটের ১৪৫২২ পৃষ্ঠায় কলাম-১ এ ১৯০ ঢাকা-১৭ এর বিপরীতে ৩ নং কলামের ২ নং ক্রমিকের পর ৩ নং ক্রমিকে "সহকারী কমিশনার (ভূমি), ক্যান্টনমেন্ট সার্কেল, ঢাকা" শব্দ, চিহ্নসমূহ সংযোজিত হইবে ; এবং

(৩) গেজেটের ১৪৫৩১ পৃষ্ঠায় কলাম-১ এ ২৮৬ চট্টগ্রাম-৯ এর বিপরীতে ৩ নং কলামের ১ নং ক্রমিকে উল্লিখিত "অতিরিক্ত জেলা প্রশাসক (সাধারণ), চট্টগ্রাম" শব্দ, চিহ্ন-সমূহের পরিবর্তে "উপপরিচালক (স্থানীয় সরকার), বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম" শব্দ, চিহ্নসমূহ প্রতিস্থাপিত হইবে এবং ২ নং ক্রমিকে উল্লিখিত "অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), চট্টগ্রাম" শব্দ, চিহ্নসমূহের পরিবর্তে "থানা নির্বাচন অফিসার, বন্দর, চট্টগ্রাম" শব্দ, চিহ্নসমূহ প্রতিস্থাপিত হইবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে
**হেলালুদ্দীন আহমদ**
সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০